



ফোন নং : (০৩৮১) ২৩২ ৩৩৫৫
২৩২ ২৯১২

ত্রিপুরা মহিলা কমিশন

মেলারমাঠ □ আগরতলা - ৭৯৯ ০০১ □ পশ্চিম ত্রিপুরা।

রেফ নং :

তারিখ : 26-8-2015

No.7(1)-SWC/PC/Un-dth/Sl.325/2015/4203-4212

প্রেস রিলিজ

গৃহবধুর অস্বাভাবিক মৃত্যু- তদন্তে মহিলা কমিশন

গত ২০ আগষ্ট স্থানীয় পত্রিকায় প্রকাশিত খবরের ভিত্তিতে রাজ্য মহিলা কমিশনের পক্ষ থেকে দুই সদস্যের প্রতিনিধিদল গত ২৪শে আগষ্ট, কাকড়াবন ধানঘাট ছবিজলা এলাকায় মৃত্যুর বাবার বাড়ীতে তদন্তে যান। প্রতিনিধিদলটি কথা বলেন মৃত্যু কাজল দাসের মা রানী বাল্য দাস এবং পরিবার বর্গের সাথে। আড়াই বছর আগে কাকড়াবন ধানঘাট জামজুরী গাংফিরার শংকর দাসের সাথে সামাজিক বিয়ে হয় কাজলের। বিয়েতে পাত্রপক্ষের দাবীমত নগদ ৩২,০০০ হাজার টাকা, বাইক, আসবাবপত্র, ঘনালঙ্কার দেয়া হয়। কিন্তু বিয়ের কিছুদিন পর থেকেই স্বামী, শাশুড়ী এবং দেওর কাজলের উপর দৈহিক, মানসিক নির্যাতন শুরু করে। নির্যাতনের হাত থেকে রক্ষার লক্ষ্যে পুনরায় দাবীমত ৫০,০০০ হাজার টাকা দেয়া সম্বন্ধে নির্যাতন কমে। দুইমাস হয় স্বামী শংকর দাস পুনরায় ২৫,০০০ হাজার টাকা দাবী করে। শান্ত, শিষ্ট কাজল সমস্ত অত্যাচার নীরবে সহ্য করে যায়। গত ১৮ আগষ্ট রাত আনুমানিক ১০/১০'৩০ মিনিট নাগাদ কাজলের মৃত্যুর খবর পেয়ে কাজলের পরিবারের সকলে শংকর দাসের বাড়ীতে গিয়ে ঘরের তীরের মধ্যে বুলন্ত অবস্থায় কাজলের মৃতদেহ দেখতে পায়। মৃত্যুর মা এবং পরিবারের দাবী কাজল আত্মহত্যা করতেই পারে না। কাজলকে পরিকল্পিত ভাবে তার স্বামী, শাশুড়ী এবং দেওর হত্যা করে ফুলিয়ে রেখেছে। কাজলের পরিবারের সকলেই চাইছে দোষী ব্যক্তিদের কঠোর শাস্তি হোক।

কমিশন উক্ত ঘটনাটির তীব্র নিন্দা করছে। পুলিশ প্রশাসনের কাছে কমিশনের দাবী ঘটনার সঠিক তদন্তক্রমে দোষীদের কঠোর শাস্তি প্রদান করা হোক।

26/8/2015
(Smt. Aparna Raji)
Member Secretary
Tripura Commission for Women